

ব্যর্থতার দায়ে জবি প্রশাসনের পদত্যাগের দাবি ছাত্রদলের

■ জবি সংবাদদাতা

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) সাংবাদিকদের ওপর হামলার বিচারের গাফিলতি, সম্পূরক বৃত্তি প্রদানসহ শিক্ষার্থীদের ন্যায্য দাবি বাস্তবায়নে ক্রমাগত ব্যর্থতার দায়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পদত্যাগের দাবি করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রদল। গতকাল সোমবার বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবনের সামনে আয়োজিত সংবাদ সম্মেলনে এ দাবি জানানো হয়।

সংবাদ সম্মেলনে সাংবাদিকদের ওপর হামলার বিচারের দাবি করে বিশ্ববিদ্যালয় ছাত্রদলের আহ্বায়ক মেহেদী হাসান হিমেল বলেন, গত বৃহস্পতিবার শিবির কর্তৃক সাংবাদিকদের ওপর হামলা হয়। জবি প্রশাসন এবং শিবিরের প্রত্যক্ষ মদদে সাংবাদিক সমিতির গঠনতন্ত্র পরিবর্তন করে একটি পাতানো নির্বাচনের আয়োজন করা হয় ০৮ মার্চ, যেখানে বাংলাদেশের স্বনামধন্য পত্রিকার সাংবাদিকদের বাদ দিয়ে শিবিরের মতাদর্শের সাংবাদিকদের রাখা হয়। বাদ যাওয়া সাংবাদিকরা এ বিষয়ে জানতে যখন সাংবাদিক সমিতিতে যায় তখন শিবির এবং শিবিরপন্থি সাংবাদিকরা তাদের ওপর হামলা চালায়।

বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অবাস্তিত ঘোষণা করে তিনি বলেন, 'আমরা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের কাছে এই ন্যাকারজনক হামলার বিচার চেয়েছি, কিন্তু বিশ্ববিদ্যালয় প্রশাসন বিচার নিশ্চিত না করে গাফলতি করেছে। এর

আগে সম্পূরক বৃত্তি নিয়ে আমরা বারবার আন্দোলন করেছি, কিন্তু তারা শিক্ষার্থীদের সম্পূরক বৃত্তি প্রদান ব্যর্থ হয়েছে। সাংবাদিকদের ওপর শিবিরের হামলার বিচার নিশ্চিত করতে না পারা এবং সম্পূরক বৃত্তি প্রদানে ব্যর্থতায় আমরা প্রশাসনকে অবাস্তিত ঘোষণা করেছি।'

বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সদস্যসচিব শামসুল আরেফিন বলেন, 'দেশের স্বনামধন্য পত্রিকার সাংবাদিকদের ওপর শিবিরের ন্যাকারজনক হামলার বিচার চেয়েছিলাম আমরা বিশ্ববিদ্যালয়ের প্রশাসনের নিকট। কিন্তু প্রশাসন বিচার করতে ব্যর্থ হয়েছে। প্রশাসনের গাফিলতি স্পষ্ট।' আরেফিন আরো বলেন, এর আগে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সম্পূরক বৃত্তিসহ তিন দাবিতে অনশন কর্মসূচি পালন করেছিল। বিশ্ববিদ্যালয় প্রশাসন সেখানে কথা দিয়েছিল সম্পূরক বৃত্তি জানুয়ারি মাসে প্রদানে ব্যর্থ হলে তারা পদত্যাগ করবে। কিন্তু জানুয়ারি গড়িয়ে মার্চ মাস চলে এখন কিন্তু প্রশাসন বৃত্তি দিতে ব্যর্থ হয়েছে। আমরা এই ব্যর্থ প্রশাসনকে ক্যাম্পাসে অবাস্তিত ঘোষণা করছি। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সিনিয়র যুগ্মআহ্বায়ক জাফর আহমেদ, যুগ্মআহ্বায়ক সুমন সর্দার, মুস্তাফিজুর রহমান রুমী, মো. শাহরিয়ার হোসেন, মাহমুদুল হাসান, রবিউল আওয়ালসহ আরো অনেক নেতাকর্মী।